

রাজধানী

সরকারি আলিয়া মাদ্রাসায় শিক্ষার্থীদের দুই পক্ষে সংঘর্ষ, আহত ৪

নিজস্ব প্রতিবেদক ঢাকা

আপডেট: ২৩ নভেম্বর ২০২৫, ০১: ০১



পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে মাদ্রাসার সামনে অবস্থান নেন সেনাবাহিনীর সদস্যরা। রাত সাড়ে ১২টায় ছবিটি তোলা

রাজধানীর বকশীবাজারে অবস্থিত সরকারি মাদ্রাসা-ই-আলিয়ায় শিক্ষার্থীদের দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। শনিবার রাত ১০টার দিকে এ ঘটনা ঘটে। এতে চারজন আহত হয়ে ঢাকা মেডিকেল হাসপাতালে চিকিৎসা নিতে এসেছেন। খবর পেয়ে পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা ঘটনাস্থলে যায়।

আহতরা হলেন, ইলিয়াস (২১), মহিউদ্দিন (১৮), মো. ওমর (২২) ও মাবিক (২১)।

ঢামেক পুলিশ ক্যাম্পের ইনচার্জ পরিদর্শক মো. ফারুক বলেন, আহত চারজনের জরুরি বিভাগে চিকিৎসা চলছে। তাঁদের কারও পায়ের, কারও মাথায় চোট লেগেছে।

পুলিশ সূত্রে জানা গেছে, শনিবার রাতে মাদ্রাসার ভেতরে একটি মিলাদ মাহফিলের অনুষ্ঠান চলছিল। সেই মাহফিলে শিক্ষার্থীদের দুই পক্ষের মধ্যে কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে দুই পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে কয়েকজন আহত হন। খবর পেয়ে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এ বিষয়ে রাত ১১টার দিকে ঢাকা মহানগর পুলিশের উপকমিশনার মল্লিক আহসান উদ্দিন সামী প্রথম আলোকে বলেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ ঘটনাস্থলে কাজ করছে।

